**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়,কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এর আওতায় ২য় ত্রৈমাসিক নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী**

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম
তারিখ: ১৩/১০/২০২১ খ্রি.।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সরকারি কর্মচারীদের জন্য শুদ্ধাচারের গুরুত্ব এবং একটি সুখী সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মানে এর প্রয়োজনীয়তার বিষয়ে আলোকপাত করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার আওতায় বিভিন্ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

১. সকলকে স্ব-উদ্যোগে যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং দাপ্তরিক সময় শেষ হওয়ার পূর্বে কোন ক্রমেই কর্মস্থল ত্যাগ করা যাবে না।

২. জেলা পর্যায়ের দপ্তরসমূহের ক্ষেত্রে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ স্ব ওয়েবপোর্টালে আপলোড নিশ্চিত করতে হবে।

৩. কর্মপরিবেশ উন্নয়ন ও করোনাকালীন স্বাস্থ্য সুরক্ষার জন্য আগামী এক সপ্তাহের মধ্যে অত্র দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীকে মাস্ক ও স্যানিটাইজার সরবরাহ করতে হবে। এছাড়া অফিস ভবন ও এর চারপাশ জীবানুনাশক দিয়ে পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

৪. অত্র দপ্তরের সরকারি সম্পদের তালিকা হালনাগাদ করতে হবে এবং তা চলতি ত্রৈমাসিকের মধ্যে ওয়েবপোর্টালে আপলোড করতে হবে।

বি:দ্র: সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির পরবর্তী সভা অক্টোবর/২১, জানুয়ারী/২২ ও এপ্রিল/২২ মাসের ৪র্থ সপ্তাহে মঙ্গলবার অনুষ্ঠিত হবে । অনিবার্য কারণ বশত: সভার তারিখ পরিবর্তন হতে পারে ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

13.10.2021
(ইসমত আরা)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
কুড়িগ্রাম সদর,কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮১-৬১৮৫৯
sufokurigramsadar@fisheries.gov.bd